




উন্নয়নের মূলধারায়

| দ্বিতীয় সত্ত্বরণ

আলোকিত বাংলাদেশ

আলোকিত বাংলাদেশ, ২৭-০৯-২০২৪, পৃষ্ঠা-০৪

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদযাপন



● আলোকিত ডেস্ক

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদযাপন করা হয়েছে। গত বুধবার এ আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, দিবস উদযাপনের শুরুতে রণ্যালিতে যোগ দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফারাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান এবং ফার্মেসি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক মো. আমিরুল ইসলামসহ শিক্ষক ও শিক্ষার্থীরা। রণ্যালিতে ফার্মাসিস্টদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে বিভিন্ন রঙের ব্যানার এবং ফেস্টুন বহন করা হয়। পরে ফার্মেসি

বিভাগের উদ্যোগে একটি সেমিনারের আয়োজন করা হয়, যেখানে মূল বক্তা ছিলেন রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেডের সিনিয়র ডিরেক্টর (গবেষণা ও উন্নয়ন) আবদুস সালাম। তিনি বৈশ্বিক স্বাস্থ্য খাতের প্রয়োজন মেটাতে ফার্মা গবেষণা ও উন্নয়ন বিষয়ে আলোচনা করেন। সালাম তার বক্তব্যে বাংলাদেশের ফার্মাসিউটিক্যাল গবেষণা ও উন্নয়নকে আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে তুলনা করে বিভিন্ন তথ্যউপাত্ত তুলে ধরেন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আশিক মোসাদ্দিক। তিনি সেমিনারে অংশগ্রহণকারীদের ভবিষ্যতের ফার্মাসিস্ট হিসেবে মানবতার কল্যাণে কাজ করার প্রতিশ্রুতির শপথ বাক্য পাঠ করান।